দৈনিক খবর

তারিখ ... 03.SEP.1992 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ২ ...

## খুলনা মেডিকেল কলেজ

# চালু হলেও ৩টি বিভাগে প্রফেসর যোগ না দেয়ায় লেখাপড়া বিঘ্নিত হচ্ছে

।। খুলনা ব্যুরোঅফিস।।

খুলনা মেডিকেল কলেজ চালু হলেও প্রধান তিনটি বিভাগে প্রফেসর নিয়োগ না করায় লেখা–পড়ায় বিঘ্ন ঘটছে।

বিলম্বে হলেও গত ১৫ই আগষ্ট খুলনা মেডিকেল কলেজের শুভ যাত্রা হয়েছে। প্রথম বর্ষে ৪৫ জন ছাত্র/ছাত্রী ভর্তি হয়েছে। কিন্তু এ পর্যন্ত শুধু মাত্র কমিউনিটি মেডিসিন বিভাগে প্রফেসর নিয়োগ হয়েছে। তিনি কাজে যোগদান করেছেন। বাকী ৩টি বিভাগে এখনো পর্যন্ত প্রফেসর নিয়োগ করা হয়নি।

এ ব্যাপারে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, খুলনা মেডিকেল কলেজের প্রধান তিনটি বিভাগ যথাক্রমে এ্যানাটমি, ফিজিওলজি ও বাইওক্যামেষ্ট্রী বিভাগের প্রফেসর নিয়োগ করা হলেও তারা এখনো পর্যন্ত কাজে যোগদান করেননি। তবে প্রফেসর না আসলেও প্রভাষক দিয়ে লেখা–পড়া চালানোহচ্ছে।

শিক্ষার্থীদের লেখা–পড়ার স্বার্থে এ ব্যাপারে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের আশু হস্তক্ষেপ কামনা করা হয়েছে।

15